যুগান্তর

তারিখ 16 FEB 2016
পৃষ্ঠা 29 কলাম 2

# সিদ্ধিরগঞ্জে শিক্ষিকাকে লাঞ্ছিত করায় অভিভাবক গ্রেফতার

## বিচারের দাবিতে বিক্ষোভ

**সিদ্ধিরগঞ্জ প্রতিনিধি**

নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে শিক্ষিকাকে লাঞ্ছিত করার অভিযোগে এক অভিভাবককে গ্রেফতার করেছে পুলিশ। রোববার রাতে এসএম মোরশেদ আলম নামে ওই অভিভাবককে গ্রেফতার করে পুলিশ। এদিকে গ্রেফতারকৃত অভিভাবক এসএম মোরশেদ আলমের বিচারের দাবিতে সোমবার দুপুর ১২টা থেকে ১টা পর্যন্ত ক্লাস বর্জন করে স্কুল অভ্যন্তরে শিক্ষক ও শিক্ষার্থীরা বিক্ষোভ করে। তাঁর বিচারের দাবি জানিয়ে স্থানীয় এমপিসহ ৯টি দফতরে অভিযোগ দিয়েছে স্কুল কর্তৃপক্ষ।

সিদ্ধিরগঞ্জের ৯২নং জালকুড়ি উত্তর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুলতানা জানান, ১০ ফেব্রুয়ারি সকাল সাড়ে ৯টায় স্কুলে অ্যাসেম্বলিং করার সময় নিয়ম না মানায় মৃদুল নামে ৫ম শ্রেণীর এক ছাত্রকে মাঠ থেকে চলে যেতে বলেন শিক্ষিকা সাথী বিশ্বাস। এতে ক্ষিপ্ত হয়ে মৃদুলের বাবা এসএম মোরশেদ আলম শ্রেণী কক্ষে ঢুকে শিক্ষার্থীদের পাঠদান চলা সময় নারী শিক্ষিকা সাথী বিশ্বাসকে লাঞ্ছিত করে। বিষয়টি নিয়ে স্থানীয়রা আপস রফা করতে ব্যর্থ হলে এ ঘটনায় রোববার সিদ্ধিরগঞ্জ থানায় একটি মামলা করেন স্কুল পরিচালনা কমিটির সভাপতি মো. কামাল হোসেন। পরে রোববার রাতেই পুলিশ এসএম মোরশেদ আলমকে গ্রেফতার করে। এদিকে স্কুলে বিক্ষোভ চলাকালে বক্তব্য রাখেন স্কুলের প্রতিষ্ঠাতা সদস্য মুক্তিযোদ্ধা আয়েত আলী, স্কুল কমিটির সভাপতি কামাল হোসেন, নূর হোসেন, আনোয়ার হোসেন মাস্টার, মুক্তিযোদ্ধা আবদুল মালেক, সিরাজুল ইসলাম শের আলী, মজিবুর রহমান প্রধান ও বিদ্যালয়ের প্রধান শিক্ষকা সুলতানা প্রমুখ।